প্রথম আলো

তারিখ ০৪ FEB 2016
পৃষ্ঠা ৬ কলাম ৪

# ছাত্রদলের এক নেতাকে ছাত্রলীগের মারধর

রাজধানী প্রতিবেদক ●

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের নতুন কমিটি ঘোষণার পরদিনই সংগঠনটির প্রচার সম্পাদক জুয়েল মৃধাকে মারধর করেছেন ছাত্রলীগের নেতা-কর্মীরা। গতকাল রোববার সকালে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে এ ঘটনা ঘটে।

গত শনিবার রাতে মো. রফিকুল ইসলামকে সভাপতি ও আসিফুর রহমানকে সাধারণ সম্পাদক করে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের ৯৫ সদস্যবিশিষ্ট কমিটি ঘোষণা করে কেন্দ্রীয় ছাত্রদল।

প্রত্যক্ষদর্শী ও ছাত্রলীগ সূত্র জানায়, গতকাল সকাল পৌনে নয়টার দিকে বিশ্ববিদ্যালয়ে ঢোকেন জুয়েল। কিছু সময় ক্যাম্পাসে ঘুরে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে বাহাদুর শাহ পার্ক এলাকায় অবস্থান নেন তিনি। এ সময় বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের ১০ থেকে ১৫ জন নেতা-কর্মী লাঠি নিয়ে তাঁর ওপর হামলা করেন। এতে জুয়েলের মাথা ফেটে যায়। পরে তাঁকে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়।

গতকাল রাতে মুঠোফোনে জুয়েল *প্রথম আলো*কে বলেন, 'বিনা কারণে আমার ওপর হামলা করা হয়েছে। লাঠির আঘাতে মাথা ফেটে যাওয়ায় ১২টি সেলাই লেগেছে।'